



সাবেক প্রধান বন সংরক্ষক মো. ইউনুস আলীকে আহ্বায়ক ও বিশিষ্ট ব্যবসায়ী মেজবাহ উদ্দিন আলীকে সদস্যসচিব করে ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে।

গত ৬ই সেপ্টেম্বর শুক্রবার ঢাকার উত্তরা ক্লাবে অনুষ্ঠিত শহীদুল্লাহ হলের প্রাক্তন ছাত্রদের এক সম্মিলনীতে এ কমিটি গঠন করা হয়। সম্মিলনীতে উপস্থিত সকল সদস্যই আহ্বায়ক কমিটির প্রতি পূর্ণ সমর্থন ব্যক্ত করেন।

এর আগে এক ভিডিও বার্তায় বর্তমান কমিটির সভাপতি বাহাদুর বেপারী এবং অনুষ্ঠানে উপস্থিত থেকে সাধারণ সম্পাদক ড. মো. সহিদুল ইসলাম তাদের পদত্যাগের কথা জানান। বর্তমান কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক বিদ্যমান কমিটি ভেঙে দেওয়ার কথাও জানান এবং তারা উভয়েই আহ্বায়ক কমিটির সঙ্গে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

সভায় উপস্থিত সদস্যরা নবগঠিত কমিটির আহ্বায়ক এবং সদস্যসচিবকে আগামী পাঁচ দিনের মধ্যে পূর্ণাঙ্গ আহ্বায়ক কমিটি ঘোষণা করার দায়িত্ব দেয়। এই কমিটি আগামী তিনমাসের মধ্যে ড. মুহাম্মদ শহীদুল্লাহ হলের প্রাক্তন ছাত্রদের সঙ্গে যোগাযোগ করে গঠনতন্ত্র অনুসরণ করে সম্মেলনের মাধ্যমে পূর্ণাঙ্গ কমিটি গঠনের অনুরোধ জানান।

সভায় বক্তারা অ্যালামনাই অ্যাসোসিয়েশন রাজনীতির উর্ধ্বে একটি কল্যাণধর্মী শক্তিশালী সংগঠন হিসেবে গড়ে তোলার প্রতি গুরুত্ব আরোপ করে। তারা জানান, ড. মুহাম্মদ শহীদুল্লাহ হল অ্যালামনাই অ্যাসোসিয়েশনের মাধ্যমে হলের বর্তমান শিক্ষার্থীদের শিক্ষাসহায়ক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে কাজ করতে হবে।

অনুষ্ঠানে মো. ইউনূস আলী, মেজবাহ উদ্দিন আলী, ড. মো. সহিদুল ইসলাম, আ ফ ম শাহরিয়ার, আনোয়ার হোসেন, জুয়েল, আয়জাজ আলী খোকন, স ম গোলাম কিবরিয়া, মোশাররফ হোসেন সোহেল, উত্তম কুমার, তানভীর আহমেদ, তপন, জাকির, শামীম, মো: সফিকুল ইসলাম, আজাদ, রুবেল, ড. মাসুম রাব্বানী, রোকনুজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।